

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১.৯৯.০০১.২৫- (৩০)

তারিখ: ২৬/০৮/২০২২ বঃ
৩০/০৮/২০২২ খ্রি:

অফিস আদেশ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বদলি/সংযুক্তি ব্যবস্থাপনার স্বচ্ছতা, নিরপেক্ষতা ও কর্মীকল্যাণ নিশ্চিত করতে বর্তমান প্রেক্ষাপটে বদলি ও পদায়ন বিষয়ে একটি সুসংহত, নীতিভিত্তিক নির্দেশিকা অপরিহার্য। এই নির্দেশিকা কর্মীদের মনোবল, পেশাগত উন্নয়ন ও প্রতিষ্ঠানের দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। এ অধিদপ্তরের বিভিন্ন পদে পদায়ন, বদলি ও সংযুক্তি প্রদানে নিরপেক্ষতা, স্বচ্ছতা, জবাবদিহিতা আনয়ন এবং এক্ষেত্রে কর্মীকল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

১। সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারীগণের বদলি ও পদায়ন নীতিমালা ২০২৩ (সংশোধিত ২০২৪) এর আলোকে বদলি, সংযুক্তি এবং পদায়ন করতে হবে;

২। বদলির ক্ষেত্রে নিজ জেলা হতে অধিক দূরত্বে তিন বছরের উপরে অবস্থানরত/কর্মরতদের অগ্রাধিকার প্রদান করতে হবে;

৩। তিন বছরের নিচে বদলির আবেদন করলে/বদলি পুনঃবিবেচনার আবেদন করলে তখন আবেদন কমিটির সামনে সাক্ষাৎকার গ্রহণ করতে হবে এবং নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনায় রাখতে হবে:

ক) মানবিক/প্রশাসনিক/ জনস্বার্থে প্রয়োজন ব্যতীত সকলের বদলি ৩ বৎসর পর পর বিবেচনা করা;

খ) মানবিক প্রয়োজনে আবেদনের প্রেক্ষিতে সাক্ষাৎকার গ্রহণপূর্বক ৩ বৎসরের পূর্বে বদলি/সংযুক্তি প্রদান করা;

গ) রোটেশন পদ্ধতিতে বদলিকরণ যাতে সকলেই পর্যায়ক্রমে নিজ জেলার পার্শ্ববর্তী জেলায় স্বল্প দূরত্বে চাকুরী করার সুযোগ পায়;

ঘ) প্রয়োজনে স্বল্প সময়ের জন্য (৬-১২ মাস) রোটেশন পদ্ধতিতে দূরবর্তী জেলা/দুর্গম স্টেশনসমূহে সংযুক্তিতে প্রেরণ করা;

ঙ) মানবিক/প্রশাসনিক/জনস্বার্থে ৩ বৎসরের নিচে কর্মরত কর্মকর্তা হতে বদলি বিবেচনা করার ক্ষেত্রে মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করা।

৪। তারিখ অনুযায়ী সাক্ষাৎকার সংক্রান্ত তথ্য ও প্রদত্ত সিদ্ধান্ত সাক্ষাৎকার রেকর্ডসমূহে আবেদনকারী এবং কমিটির উপস্থিত সদস্যদের নামসহ লিপিবদ্ধ করতে হবে। আবেদন বিবেচনা কমিটির সংগঠন হবে নিম্নরূপ:

ক) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাপতি

খ) পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সদস্য

গ) অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা সদস্য

ঘ) স্টেশন অফিসার (সংযুক্ত- ওয়ারহাউজ অ্যান্ড ফায়ার প্রিভেনশন শাখা), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সদস্য

ঙ) সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সদস্য সচিব

উল্লেখ্য যে, অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০১.২১-১২৯৩, তারিখ-২৯/০১/২০২৫ মূলে জারিকৃত বদলির আবেদন যাচাই বাছাই সংক্রান্ত কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

৫। কোনো বিভাগ/জেলায় আভ্যন্তরীণ সমন্বয়ের জন্য সংযুক্তির প্রয়োজন হলে নাম, কারণ ও সময় উল্লেখপূর্বক উপপরিচালকগণ কর্তৃক অধিদপ্তর হতে অনুমোদন নিতে হবে। তবে সংযুক্তি প্রদানের মেয়াদ কোনভাবেই এক বছরের উপরে হবে না;

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং স্থায়ী আদেশ হিসেবে গার্ডফাইলে সংরক্ষিত থাকবে।


ব্রিগেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশা: ও অর্থ)/(অপা: ও মেইন:)/(প:উ:প্র:), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
- ৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
- ৪। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
- ৫। উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
- ৬। ফোরম্যান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
- ৭। সহকারী যোগাযোগ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
- ৮। সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
- ৯। ওয়ারহাউজ ইন্সপেক্টর, সহঃ পরিঃ দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
- ১০। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
- ১১। জরুরী কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ১২। অধিদপ্তরের হিসাব শাখা/প্রশাসন শাখা/পরিচালনা শাখা/রিফর্ম সেল/আইসিটি সেল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।